

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮০১

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

‘আসছে সেন্ট্রাল টিম, নরসিংগড় পিএইচসি’তে ঘষা মাজা শুরু’ শিরোনামে গত ২৩ অক্টোবর, ২০২৪ ইং তারিখে স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে সংবাদটি সঠিক নয়। পরিষ্কার পরিচ্ছন্নতা প্রত্যেকটি হাসপাতালের নিয়মিত কার্যকলাপ। সংক্রমণ প্রতিরোধে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ব্যাপার। রোগ জীবাণুর হাত থেকে রক্ষা পেতে গেলে প্রতিদিন নিয়ম করেই হাসপাতাল পরিষ্কার করা হয়। সংবাদে উল্লিখিত প্রত্যেকটি কাজ যে কোনও হাসপাতালের নিয়মিত কার্যকলাপ।

\*\*\*\*\*